১১

দৈনিক বাংলা

তারিখ ... 11 JAN 1996 ...
পৃষ্ঠা : ৭ কলাম ৩ ..

# নগরীর সরকারী স্কুলে আজ থেকে ভর্তি পরীক্ষা ঃ অভিভাবকরা উদ্বিগ্ন

**সুনীল ব্যানার্জি** ঃ আজ বৃহস্পতিবার থেকে রাজধানী ঢাকায় ২৪টি সরকারী হাইস্কুলে পর্যায়ক্রমে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। এসব স্কুলে শূন্য আসন সংখ্যা পাঁচ হাজার। এই সিটের জন্য প্রায় ৬০ হাজার ভর্তি ফরম ইতিমধ্যে বিক্রি হয়েছে। এখনও ভর্তি ফরম বিক্রি অব্যাহত রয়েছে।

২৪টি সরকারী বিদ্যালয়কে ৮টি করে ৩টি গ্রুপে ভাগ করা হয়েছে। তিনটি ভিন্ন ভিন্ন তারিখে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আজ হচ্ছে 'ক' গ্রুপের ভর্তি পরীক্ষা। এই গ্রুপের স্কুলগুলোতে প্রায় ১৬০০ সিটের জন্যে ৪ হাজারেরও বেশী ভর্তি ফরম গতকাল দুপুর পর্যন্ত বিক্রি হয়েছে। 'ক' গ্রুপের অন্তর্ভুক্ত স্কুলগুলো হলো ঃ সরকারী বিজ্ঞান কলেজ ও স্কুল, মোহাম্মদপুর সরকারী হাইস্কুল, তেজগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, মিরপুর হাইস্কুল, খিলগাঁও হাইস্কুল, আর্মানিটোলা সরকারী হাই স্কুল, শেরে বাংলা বয়েজ হাইস্কুল ও গার্লস হাইস্কুল।

প্রাপ্ত তথ্য থেকে জানা গেছে, তিনটি গ্রুপের মধ্যে তুলনামূলকভাবে আজকের 'ক' গ্রুপের স্কুলে ভর্তি ফরম কম বিক্রি হয়েছে। (৯ পৃঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **নগরীর সরকারী স্কুলে আজ থেকে**

এসব স্কুলের মধ্যে অধিকাংশ স্কুলের ভর্তি পরীক্ষা শুরু হবে সকাল ৯টায়। পরীক্ষা হবে সংশ্লিষ্ট স্কুল মিলনায়তনে। কয়েকটি স্কুলে ভর্তি পরীক্ষা হবে দু' শিফটে। সেক্ষেত্রে সকাল ৯টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত এক শিফট এবং বেলা ১২টা থেকে আড়াইটা পর্যন্ত অন্য শিফট। এক্ষেত্রে প্রথম শ্রেণী থেকে তৃতীয় শ্রেণী পর্যন্ত এক শিফট এবং ৬ষ্ঠ শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত এক শিফট। সাধারণত যেসব হাইস্কুলে বিভিন্ন ক্লাসে ছাত্র নেয়া হবে সেক্ষেত্রে দুই শিফটে ভর্তি পরীক্ষা ব্যবস্থা করা হয়েছে।

মোহাম্মদপুর সরকারী হাইস্কুলের প্রধান শিক্ষক শহীদুর রহমান জানান, তার স্কুলে প্রথম, ৬ষ্ঠ ও নবম শ্রেণীতে গড়ে প্রায় সোয়া শ' সিটের জন্য ৫শ'র মত ফরম বিক্রি হয়েছে। শেরে বাংলা সরকারী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা জানিয়েছেন যে তার স্কুলে প্রথম, ৬ষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীতে মোট ২৩৩ জন ছাত্রী নেয়া হবে। গতকাল দুপুর পর্যন্ত এ স্কুলে প্রায় ৫০০ ভর্তি ফরম বিক্রি হয়েছে। সকাল ৯টায় এ স্কুলে ভর্তি পরীক্ষা হবে। খিলগাঁও সরকারী হাই স্কুলের প্রধান শিক্ষক জানান, তার স্কুলের প্রথম, ৬ষ্ঠ ও নবম শ্রেণীতে যথাক্রমে ৫৫, ১৩০ ও ২০ সিট খালি রয়েছে। সেক্ষেত্রে ভর্তি ফরম বিক্রি হয়েছে যথাক্রমে ৩০০, ৩০০ ও ১০০টি। অন্যান্য সরকারী হাইস্কুলেও প্রায় অনুরূপ সংখ্যক ভর্তি ফরম বিক্রি হয়েছে।

'খ' গ্রুপের ভর্তি পরীক্ষা হবে ১৩ জানুয়ারী এবং 'গ' গ্রুপের ভর্তি পরীক্ষা হবে ১৪ জানুয়ারী। এই দুই গ্রুপের অন্তর্ভুক্ত অনেক স্কুলেই যে পরিমাণ আসন খালি আছে তার চেয়ে ৭/৮ গুণ বেশী ফরম বিক্রি হয়ে গেছে। এসব স্কুলের ভর্তি ফরম বিক্রি এখনও অব্যাহত রয়েছে।

ভর্তি ফরম যতই বিক্রি হোক রাজ-ধানীর যেসব কোমলমতি শিশু এখনও নামকরা স্কুলে ভর্তির সুযোগ পায়নি তাদের অভিভাবকরা দারুণ উদ্বেগ-উৎকণ্ঠার মধ্যে দিন কাটাচ্ছেন। তারা তাদের সন্তানদের কিভাবে অপেক্ষাকৃত নামকরা স্কুলে ভর্তি করা যায় তা নিয়ে ছুটোছুটি করছেন। শিক্ষক ও কর্মকর্তাদের পেছনে অনেকে প্রভাব খাটানোরও চেষ্টা করছেন। তবে এবার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতর ভর্তির ব্যাপারে নীতিমালা তৈরি করে দিয়েছে। নীতিমালা অনুযায়ী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের একটি তালিকা এবং ওয়েটিং লিস্ট প্রকাশ করা হবে। পরীক্ষা তদারকি করবেন অধিদফতরের পরিচালকের নেতৃত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি। এতে অনেক অভিভাবক আশা করছেন, ভর্তির ব্যাপারে ছলচাতুরী বা প্রভাব কম হবে।